গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়
www.mefwd.gov,bd

বিষয় : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ৮ম সভার (ফেব্রুয়ারি ২০১৮) কার্যবিবরণী।

সভাপতি : কাজী আ. খ. ম. মহিউল ইসলাম
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

তারিখ ও সময় : ২৮/০২/২০১৮, সকাল: ১০.৩০ টা:

স্থান : অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের দাপ্তরিক কক্ষ (কক্ষ নং-২২২, ভবন নং-৩, ৩য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিতির তালিকা- পরিশিষ্ট _ "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্বের পর সভাপতি মহোদয় আজকের সভার বিষয়ে সূচনা বক্তব্য রাখেন।

২. **আলোচনা:**

২.১ সভাপতি মহোদয়ের আহবানের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব (জনসংখ্যা-১) ইনোভেশন টিমের গত সভার সিদ্ধান্তসমূহ এবং আজকের সভার অলোচ্য বিষয়বস্তু অবহিত করেন।

২.২ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর প্রতিনিধি জনাব আব্দুল হামিদ মোড়ল, উর্দ্ধতন গবেষক নিপোর্ট এর ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্গত প্রশিক্ষণার্থী ডাটাবেইজ প্রণয়নসহ অন্যান্য কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। "Asset Management" শীর্ষক ডাটাবেইজ প্রণয়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। "Asset Management" শীর্ষক ডাটাবেইজ এর অগ্রগতি পর্যালোচনা করে আগামীতে অন্যান্য প্রতিষ্ঠানে একই ধরনের কার্যক্রম হাতে নেয়া যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। সকল উদ্ভাবন কার্যক্রম যথাসময়ে সম্পন্নের পাশাপাশি ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য নিপোর্টের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন শুরু করার উপর সভায় গুরুত্বরোপ করা হয়।

২.৩ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধি শামসুন্নাহার বেগম, সহকারী পরিচালক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নকৃত (NEMS (Nursing Education and Monitoring System) শীর্ষক পাইলটিংসহ অন্যান্য উদ্ভাবন কার্যসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সকল উদ্ভাবন কার্যক্রম যথাসময়ে সম্পন্নের পাশাপাশি ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন শুরু করার উপর সভায় গুরুত্বরোপ করা হয়।

২.৪ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি পুষ্প রাণী বিশ্বাস, ডুকেমেন্টেশন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্গত কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। এছাড়া তিনি 'ফেইসবুক বুস্টিং' এর মাধ্যমে প্রশ্ন-উত্তর এর আলোকে জনগণকে পরিবার কল্যাণমূলক সেবা প্রদানের ব্যবস্থা এবং এ্যাপস এর মাধ্যমে সেবা প্রদান বিষয়ক তথ্য (কোন সেবা কোথায়, কিভাবে, কে বা কারা দিচ্ছে ইত্যাদি) প্রদান সংক্রান্ত উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। এ বিষয়ে অধিদপ্তর পর্যায়ে আরও পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত নেয়া যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সকল উদ্ভাবন কার্যক্রম যথাসময়ে সম্পন্নের পাশাপাশি ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন শুরু করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৫ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ব্যাবস্থাপনায় ৫(পাঁচ) দিনব্যাপী নাগরিক সেবায় উদ্ভাবন শীর্ষক প্রশিক্ষণ ওয়ার্কশপ আয়োজনের বিষয়েও সভায় আলোচনা হয়।

৩. **সিদ্ধান্ত :**

সভায় বিস্তারিত আলোচনাশেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩.১ নিপোর্ট ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উদ্ভাবন কার্যক্রম সমূহ এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের আওতায় নার্সিং ও মিডওয়াইফারী শিক্ষা সংক্রান্ত উদ্ভাবন কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্নে যথাযথ পদক্ষেপ নিতে হবে;

৩.২ পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের (নার্সিং ও মিডওয়াইফারী শিক্ষা সংক্রান্ত) ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩.৩ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় উদ্ভাবন বিষয়ক মেন্টরিং সংক্রান্ত কার্যক্রম জোরদারকরণ নিশ্চিত করতে হবে। মেন্টরিং কার্যক্রমে দায়িত্ব প্রাপ্তদের তালিকা এবং এ বিষয়ক অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে ;

৩.৪ 'ফেইসবুক বুস্টিং' এর বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইনোভেশন টিমের সভায় আলোচনা/পর্যালোচনার মাধ্যমে করণীয় নির্ধারন করতে হবে;

৩.৫ পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক পেনশন সেবা সহজিকরণ বিষয়ক সফটওয়্যারের মাধ্যমে এর কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পেনশন সেবা সহজিকরণে অর্জিত অভিজ্ঞতার আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বাজেট শাখা এবং সংশ্লিষ্ট অন্যান্য শাখায় সেবা সহজীকরণ এর আওতায় "পেনশন সেবা সহজীকরণ" শীর্ষক সেবা কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে।

৩৬ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উদ্যোগে একটি টিম গঠনপূর্বক উক্ত টিমের সহায়তায় ২দিন/৫দিন ব্যাপী "নাগরিক সেবায় উদ্ভাবন" শীর্ষক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করা যেতে পারে;

৪. আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২১/০৩/২০১৮

(কাজী আ.খ.ম. মহিউল ইসলাম )
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন )
ও
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

স্মারক নং- ৫৯.১১৪.০৬১.০০.০০.০১২.২০১৭-৩১

তারিখ: ৭ চৈত্র ১৪২৪ / ২১মার্চ ২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ) :**

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা **(দৃ:আ: ইনোভেশন অফিসার)**।

২। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ১৩/১ শেখ সাহেব বাজার,আজিমপুর, ঢাকা **(দৃ:আ: ইনোভেশন অফিসার)**।

৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা **(দৃ:আ: ইনোভেশন অফিসার)**

৪। জনাব গৌতম কুমার, যুগ্ম সচিব (আইন ও শৃংখলা অধিশাখা) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।

৫। মো: মিজানুর রহমার, উপসচিব (জনসংখ্যা-২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম

৬। ডা: মো: সারোয়ার বারী, উপসচিব (বাজেট) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।

৭। জনাব মোহাম্মদ আবদুস সালাম খান, উপপ্রধান ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।

৮। জনাব আব্দুল হামিদ মোড়ল, উপ পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট, ১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা।

৯। পুস্প রানী বিশ্বাস, ডকুমেন্টেশন অফিসার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।

১০। মোসা: শাহীনূর বেগম, সহকারী পরিচালক (সমন্বয়), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।

২৭/০৩/২০১৮

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব ( জনসংখ্যা-১ ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন: ৯৫৪০১০৯
ইমেইল: population1@mefwd.gov.bd